

ত্রৈমাসিক

# পূবালী বার্তা

পূবালী বার্তা - পূবালী ব্যাংক লিমিটেড এর একটি প্রকাশনা । জুন ২০১৫ ঃ সংখ্যা ০৯

পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

ত্রৈমাসিক
পূবালী বার্তা

জুন ২০১৫ ঃ সংখ্যা ০৯




## পূবালী ব্যাংক লিমিটেডের ৩২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেডের ৩২তম বার্ষিক সাধারণ সভা (এজিএম) গত ৩১ মার্চ ২০১৫ তারিখে ঢাকাস্থ পুলিশ স্টাফ কলেজের কনভেনশন হল, মিরপুর-এ অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার।

৩২তম বার্ষিক সাধারণ সভায় পূবালী ব্যাংক লিমিটেড এর ৩১ ডিসেম্বর ২০১৪ সালের জন্য ১০% নগদ লভ্যাংশ প্রদানের সিদ্ধান্ত অনুমোদিত হয়।

সভায় ব্যাংকের পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান হাবিবুর রহমান ও ফাহিম আহমদ ফারুক চৌধুরী, পরিচালকবৃন্দ- মনির উদ্দিন আহমদ, সৈয়দ মোয়াজ্জেম হুসাইন, মঞ্জুরুর রহমান, আহমদ শফি চৌধুরী, মিসেস রোমানা শরীফ, এম. কবিরুজ্জামান ইয়াকুব, মুসা আহমেদ, আজিজুর রহমান, মোঃ আবদুর রাজ্জাক মন্ডল, স্বতন্ত্র পরিচালক খুরশীদ-উল-আলম ও ড. শাহদীন মালিক, ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী, কোম্পানী সচিব ও মহাব্যবস্থাপক মোঃ সাঈদ সিকদার, চীফ ফিন্যান্সিয়াল অফিসার ও মহাব্যবস্থাপক সাঈদ আহমেদ এফসিএ এবং ব্যাংকের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বিপুল সংখ্যক শেয়ার হোল্ডারবৃন্দ উৎসাহ উদ্দীপনার সাথে বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ করে ব্যাংকের সার্বিক বিষয়ে আলোচনায় অংশ নেন। শেয়ার হোল্ডারবৃন্দ ব্যাংকের সার্বিক কার্যক্রম ও ব্যবস্থাপনায় সন্তোষ প্রকাশ এবং ব্যাংকের উত্তরোত্তর উন্নতির জন্য পরামর্শ প্রদান করেন। সবশেষে পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।





## পূবালী ব্যাংক লিমিটেডের চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান পুনঃ নির্বাচিত

বিশিষ্ট শিল্পপতি, সমাজ সেবক ও শিক্ষানুরাগী হাফিজ আহমদ মজুমদার পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান এবং বিশিষ্ট ব্যবসায়ী ও সমাজ সেবক হাবিবুর রহমান ও বিশিষ্ট ব্যবসায়ী, সমাজসেবক ও ক্রীড়ানুরাগী ফাহিম আহমদ ফারুক চৌধুরী পরিচালনা পর্ষদের ভাইস-চেয়ারম্যান হিসেবে পুনঃ নির্বাচিত হয়েছেন।

জনাব হাফিজ আহমদ মজুমদার একজন শিল্পপতি ও চা বাগানের মালিক। তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে সম্পৃক্ত। দেশের শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান উল্লেখযোগ্য। তিনি "হাফিজ মজুমদার শিক্ষা ট্রাষ্ট" এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। সিলেটের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান "স্কলারস হোম" এই ট্রাস্টের আওতায় কাজ করছে। সিলেটের জকিগঞ্জ অঞ্চলের বহু শিক্ষা প্রতিষ্ঠান এই ট্রাস্টের অধীনে থেকে শিক্ষা প্রসারে ভূমিকা রাখছে।

জনাব হাবিবুর রহমান একজন স্বনামধন্য ব্যবসায়ী এবং তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে সম্পৃক্ত। তিনি গ্রীণডেল্টা ইন্স্যুরেন্স এর স্পন্সর ডিরেক্টর এবং ডেল্টা হাসপাতাল ও ডেল্টা মেডিকেল সেন্টারের স্পন্সর ডিরেক্টর। তিনি সিলেটে সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।

জনাব ফাহিম আহমদ ফারুক চৌধুরী একজন স্বনামধন্য ব্যবসায়ী এবং তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে

Gici c„ôv 4 Kjvg 3

## হাফিজ আহমদ মজুমদার বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির নতুন চেয়ারম্যান



বিশিষ্ট সমাজ সেবক, শিক্ষানুরাগী, সাবেক সংসদ সদস্য ও পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হিসেবে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

উল্লেখ্য, চেয়ারম্যান হিসেবে নিয়োগ পাওয়ার পূর্বে হাফিজ আহমদ মজুমদার বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ভাইস-চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করেন। জনাব হাফিজ আহমদ মজুমদার একজন শিল্পপতি ও চা বাগানের মালিক। তিনি বিভিন্ন সমাজসেবা মূলক কাজের সাথে সম্পৃক্ত। দেশের শিক্ষা ক্ষেত্রে তাঁর অবদান উল্লেখযোগ্য। তিনি "হাফিজ মজুমদার শিক্ষা ট্রাষ্ট" এর প্রতিষ্ঠাতা চেয়ারম্যান। সিলেটের অন্যতম শিক্ষা প্রতিষ্ঠান "স্কলারস হোম" এই ট্রাস্টের আওতায় কাজ করছে। সিলেটের জকিগঞ্জ অঞ্চলের বহু শিক্ষা প্রতিষ্ঠান এই ট্রাস্টের অধীনে থেকে শিক্ষা প্রসারে ভূমিকা রাখছে।



বিশিষ্ট সমাজসেবক, শিক্ষানুরাগী, সাবেক সংসদ সদস্য ও পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ ও ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পক্ষ থেকে ফুলেল শুভেচ্ছা প্রদান করা হয়। ছবিতে ফুলের তোড়া দিয়ে তাঁকে শুভেচ্ছা জানাচ্ছেন পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালক আহমদ শফি চৌধুরী, এম কবিরুজ্জামান ইয়াকুব, স্বতন্ত্র পরিচালক খুরশীদ-উল-আলম, ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী, উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এবং প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দ।



পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান ও বিশিষ্ট সমাজসেবক, শিক্ষানুরাগী, সাবেক সংসদ সদস্য হাফিজ আহমদ মজুমদার গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান হিসেবে নিয়োগপ্রাপ্ত হওয়ায় পূবালী ব্যাংক লিমিটেড এর সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারীর পক্ষ থেকে তাঁকে সংবর্ধনা প্রদান করা হয়। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড ও পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর পরিচালকবৃন্দ। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী।





## পূবালী ব্যাংক লিঃ এবং গ্রামীণফোন লিঃ এর মধ্যে Business Solutions সংক্রান্ত চুক্তি স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং গ্রামীণফোন লিঃ এর মধ্যে Business Solutions সংক্রান্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষে সংস্থাপন বিভাগের মহাব্যবস্থাপক শেখ গোলাম মোহাম্মদ এবং গ্রামীণফোন লিঃ এর পক্ষে Direct Sales, Commercial এর ডেপুটি ডিরেক্টর সাজ্জাদ আলম চুক্তিতে স্বাক্ষর করেন।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। এসময় ব্যাংকের কোম্পানী সচিব ও মহাব্যবস্থাপক মোঃ সাঈদ সিকদার, চীফ টেকনিক্যাল অফিসার ও তথ্য প্রযুক্তি বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী এবং উভয় প্রতিষ্ঠানের ঊর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির ফলে পূবালী ব্যাংক লিমিটেড এবং ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ দ্রুতগতির সেবার পাশাপাশি Voice Communication, FnF, High speed 3G Internet, Data Connectivity, Handset সহ সাশ্রয়ী মূল্যে আধুনিক সুযোগ-সুবিধা উপভোগ করবেন।




## পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের উদ্যোগে "Management Development Program" শীর্ষক প্রশিক্ষণ কর্মশালা

পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের (পিবিটিআই) উদ্যোগে "Management Development Program" শীর্ষক একটি প্রশিক্ষণ কর্মশালা সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। উক্ত কর্মশালার সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের ভাইস প্রিন্সিপাল নিরঞ্জন চন্দ্র গোপ। অনুষ্ঠানে উপ-মহাব্যবস্থাপক ও পিবিটিআই'র ফ্যাকাল্টি মেম্বার মামুন বখ্‌ত উপস্থিত ছিলেন।

পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী ব্যাংকের মিশন ও ভিশন বাস্তবায়নের লক্ষ্যে উৎসাহ-উদ্দীপনা নিয়ে কাজ করার জন্য কর্মকর্তাদের প্রতি আহ্বান জানান। তিনি ব্যাংকের মুনাফা ও সক্ষমতা অর্জনের জন্য চ্যালেঞ্জ গ্রহণের কথা পুনর্ব্যক্ত করেন। ব্যাংকের অর্থ যথাযথভাবে বিনিয়োগ, শ্রেণীকৃত ঋণ কমানো, অপকর্ম প্রতিরোধ এবং সবধরণের অব্যবস্থাপনা দূরীকরণে সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণের জন্য সবাইকে

Gici c„ôv 9 Kjvg 3



## মৌলভীবাজারের মুন্সীবাজারে পূবালী ব্যাংক লিঃ এর ৪৩৫ তম শাখার শুভ উদ্বোধন

সম্প্রতি অনলাইন ব্যাংকিং সহ আধুনিক সকল ব্যাংকিং সুবিধা নিয়ে মৌলভীবাজারের রাজনগর উপজেলার মুন্সীবাজারে পূবালী ব্যাংক লিমিটেড এর ৪৩৫ তম "মুন্সীবাজার শাখা" এর শুভ উদ্বোধন হয়েছে। এ উপলক্ষ্যে ব্যাংক ভবনে এক আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান দিলীপ কুমার পাল। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক আবু হাবিব খায়রুল কবীর এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিলেট পশ্চিমাঞ্চলের উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান আহমদ এনায়েত মনজুর এবং ৩নং মুন্সীবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ সাতির মিয়া। উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ উপমহ-াব্যবস্থাপক ও সিলেট পূর্বাঞ্চলের অঞ্চল প্রধান এ.এস.সিরাজুল হক চৌধুরী, সিলেট প্রিন্সিপাল অফিসের উপমহাব্যবস্থাপক মশিউর রহমান খাঁন, লংলা চা বাগানের ম্যানেজার এস.কে বড়ুয়া এবং হিংগাজীয়া চা বাগানের ম্যানেজার মাবুদ আলী। মৌলভীবাজার অঞ্চলের আইন কর্মকর্তা মোহাম্মদ আবু তাহের এর সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইটা চা বাগানের ম্যানেজার ফারুক চৌধুরী, ব্যাংকের সিলেট শাখার উপমহাব্যবস্থাপক মাহবুব আহমেদ, মুন্সীবাজার বণিক সমিতির সভাপতি মো: আশিক মিয়া, বিশিষ্ট ব্যবসায়ী মো: খায়রুল আনাম খাঁন, ব্যাংক ভবন মালিক মো: আব্দুল মতিন আখন্দ, খলাগাঁও-করিমপুর উচ্চ বিদ্যালয়ের প্রাক্তন প্রধান শিক্ষক মতচ্ছিল আলী এবং মুন্সীবাজার শাখার শাখা প্রধান আবুল খায়ের মো: ইকবাল।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন সকল আধুনিক সুযোগ-সুবিধা নিয়ে অত্যন্ত সম্ভাবনাময় অঞ্চল মুন্সীবাজারে পূবালী ব্যাংকের ৪৩৫ তম শাখার দ্বারোদঘাটন হলো। এই শাখার মাধ্যমে এলাকার

Gici c„ôv 4 Kjvg 3




## খুলনা অঞ্চলের ১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন ২০১৫ অনুষ্ঠিত


পূবালী ব্যাংক লিমিটেড খুলনা অঞ্চলের ১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন ২০১৫ সম্প্রতি নগরীর হোটেল সিটি ইন্ লিমিটেডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি ছিলেন ব্যাংকের মহাব্যবস্থাপক ও সিটিও মোহাম্মদ আলী। খুলনা অঞ্চলের ২৮টি শাখার ব্যবস্থাপক ও উপ-ব্যবস্থাপক/শাখার কি পারসনদের অংশগ্রহণে অনুষ্ঠিত সম্মেলনে সভাপতিত্ব করেন খুলনার অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোহাম্মদ হুমায়ুন কবির।

প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, দেশ বিদেশে পূবালী ব্যাংকের অনেক সুনাম রয়েছে। আমানত ও ঋণের বিপরীতে এ ব্যাংকের মুনাফার হার যথেষ্ট মার্জিত। এটাকে কাজে লাগিয়ে তিনি ব্যাংকের আমানত, ঋণ ও মুনাফা বাড়ানোর জন্য উপস্থিত কর্মকর্তাদেরকে তাগিদ দেন। তিনি বলেন মুনাফা বাড়াতে গ্রাহক সেবার কোন বিকল্প নেই। তাই আমানতদার ও ঋণ গ্রহীতা উভয়কে ব্যাংকের সর্বোচ্চ সেবা নিশ্চিত করে তাদের বিশ্বাস অর্জন করতে হবে। জনশক্তির যোগ্যতা অনুযায়ী কাজ দেয়া এবং দক্ষতার সর্বোচ্চ ব্যবহার করে কার্যকরী পদক্ষেপ নিতে হবে। অফিসের কাজের ব্যাপারে একে অপরকে সহযোগিতামূলক আচরণ করতে হবে। ফরেন রেমিটেন্স ও ক্যাশ ব্যবস্থাপনা বাড়িয়ে অধিক মুনাফা অর্জনের আহবান জানান।

বিশেষ অতিথি বলেন, গ্রাহকদের চাহিদা মোতাবেক সেবা দিতে হবে এবং এ ব্যাপারে পরিকল্পনা অনুযায়ী কাজ করতে হবে।

তিনি ব্যাংকের মূল হিসাব ব্যবস্থাপনার কলা কৌশলের উপর তথ্যবহুল আলোচনা করেন। ব্যাংকের উন্নয়নে সংঘবদ্ধভাবে কাজ করার ব্যাপারে তিনি গুরুত্বারোপ করেন।

সম্মেলনের ব্যবসায়িক পর্বে ব্যাংকের খুলনা অঞ্চলের গত বছরের সার্বিক অর্জন, সফলতা, ব্যর্থতা ও আগামী বছরের লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সার্বিক আলোচনা করা হয়। সম্মেলনে আলমডাঙ্গার অধিবাসী শারীরিক প্রতিবন্ধী জে.পি. ঘি ভান্ডারের মালিক মোঃ জাহাঙ্গীর হোসেন লস্করকে ক্ষুদ্র উদ্যোক্তা হিসেবে স্বল্প মুনাফায় চার লক্ষ টাকা প্রকাশ্যে ঋণ বিতরণ করা হয়।




### পূবালী ব্যাংক লিঃ এর ৪৩৫ তম শাখার শুভ


.......... 3q c„ôvi ci

অর্থনৈতিক উন্নয়ন হবে। পূবালী ব্যাংকের সকল কর্মকর্তা-কর্মচারী আন্তরিকতা ও নিষ্ঠার সাথে সর্বোচ্চ গ্রাহক সেবা নিশ্চিত করে এলাকার অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখবেন বলে তিনি আশাবাদ প্রকাশ করেন। উক্ত অনুষ্ঠানে এলাকার বিপুল সংখ্যক গ্রাহক, ব্যবসায়ী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

### চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান পুনঃ নির্বাচিত

.......... 1g c„ôvi ci

সম্পৃক্ত। তিনি চিটাগাং ইলেকট্রিক মানুফ্যাকচারিং কোম্পানী লিমিটেড, সেম রেডি মিক্স কনক্রীট লিমিটেড, র‌্যাংকস এফ সি প্রোপার্টিজ লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালকসহ বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠানের সাথে জড়িত। জনাব ফাহিম চট্টগ্রাম চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর সাবেক পরিচালক এবং ডেল্টা মেডিকেল কলেজ ও হাসপাতাল, গোবেক্স ফার্মাসিউটিকেল্স লিমিটেড, সার্জিস্কোপ হাসপাতাল প্রাইভেট লিমিটেড এর পরিচালক এবং ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অব বাংলাদেশ এর চট্টগ্রাম চাপ্টার এর সহ-সভাপতি। তিনি যুক্তরাজ্যের বাকিংহাম বিশ্ববিদ্যালয় থেকে এমএসসি ইন বিজনেস ইকোনোমিক্স ডিগ্রী প্রাপ্ত।



## সিলেটস্থ চৌধুরী বাজার শাখা নব আঙ্গিকে নতুন পরিসরে আনুষ্ঠানিক শুভ উদ্বোধন

.......... 9g c„ôvi ci

পূবালী ব্যাংক লিমিটেডের সিলেট চৌধুরী বাজার শাখা এর নব আঙ্গিকে নতুন পরিসরে উদ্বোধন করা হয়েছে। তিনি শাখার প্রাত্যহিক কার্যক্রমের সুষম সমন্বয়ের মাধ্যমে কাজের গতি বাড়াতে দিকনির্দেশনা প্রদান করেন এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য সকল কর্মকর্তার প্রতি আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী বলেন, পূবালী ব্যাংক লিমিটেড অতি দ্রুত সময়ে সর্বোত্তম এবং আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের জন্য সম্মানিত গ্রাহকদের নিকট প্রতিজ্ঞাবদ্ধ। এরই ধারাবাহিকতায় এবং গ্রাহকদের চাহিদা পূরণে পূবালী ব্যাংক লিমিটেড চৌধুরী বাজার শাখা নব আঙ্গিকে নতুন পরিসরে আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। তিনি এলাকার ব্যবসায়ী ও স্থানীয় মানুষদের এই শাখা হতে ব্যাংকিং সুবিধা গ্রহণের জন্য আহ্বান জানান। তিনি আশা প্রকাশ করেন, চৌধুরী বাজার শাখা অত্র এলাকার ব্যবসা-বাণিজ্য এবং কৃষির সম্প্রসারণ ও উন্নয়নে উল্লেখযোগ্য অবদান রাখতে সক্ষম হবে। পরিশেষে তিনি ব্যাংকের কার্যক্রমকে সাফল্যমন্ডিত করে তুলতে সকলের সহযোগিতা কামনা করেন।

এ সময় অনুষ্ঠানে সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক আবু হাবিব খাইরুল কবির, সিলেট পশ্চিম অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক আহমেদ এনায়েত মঞ্জুর, সিলেট পূর্ব অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক এ এস সিরাজুল হক চৌধুরী, মৌলভীবাজার অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল এবং ব্যাংকের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ এবং ব্যবসায়ীগণ উপস্থিত ছিলেন ।

## পূবালী ব্যাংক লিমিটেডের বরিশাল অঞ্চলের '১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৫' অনুষ্ঠিত

.......... 10g c„ôvi ci

সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন। তিনি তরুণ প্রজন্মকে কর্মক্ষেত্রে উৎসাহিত করার পাশাপাশি তাদেরকে দায়িত্বশীল হতে এবং বৈশ্বিক জ্ঞান আহরণের জন্য উপদেশ দেন। তিনি আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে উন্নততর গ্রাহকসেবা দিয়ে ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জোর তাগিদ দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অবস্থান সুদৃঢ় থাকে। সম্মেলনে প্রদানকৃত দিক নির্দেশনার মাধ্যমে ব্যাংকের কর্মকান্ডে ইতিবাচক প্রভাব পরিলক্ষিত হবে বলে তিনি মন্তব্য করেন।

ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। তিনি খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভূক্ত না হয় সে দিকে সকল শাখা ব্যবস্থাপকদের বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য নির্দেশ প্রদান করেন। ব্যবস্থাপনা পরিচালক আরো বলেন, ব্যাংকের বৈদেশিক বাণিজ্য ব্যবসা আরো অধিকতর মাত্রায় সম্প্রসারণের সুযোগ আছে, তা অর্জনের জন্য তিনি উপস্থিত কর্মকর্তাবৃন্দকে পরামর্শ ও তাগিদ প্রদান করেন। তিনি আমদানী ও রফতানী কর্মকান্ডে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংগে সার্বক্ষণিক যোগাযোগ এবং আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা বাড়ানোর উপরও জোর দেন যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকে।

সম্মেলনে বিভিন্ন শাখার সফলতার উপর এবং ২০১৫ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।

## পূবালী ব্যাংক এর বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের শাখা ব্যবস্থাপকদের প্রথম সম্মেলন অনুষ্ঠিত

.......... 8g c„ôvi ci

অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

বিশেষ অতিথির বক্তব্যে মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী ভালো ঋণ গ্রহীতা নির্বাচন করে নতুন ঋণ প্রদান এবং ব্যাংকের ব্যবসা বৃদ্ধির জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। খেলাপী ঋণ, শ্রেণীকৃত এবং অবলোপনকৃত ঋণ আদায়ে সচেষ্ট হতে এবং নতুনভাবে কোন ঋণ যাতে কোন অবস্থাতেই খেলাপী বা শ্রেণীভূক্ত না হয় সে দিকে বিশেষ নজরদারি ও নিবিড় তত্ত্বাবধানের জন্য তিনি অঞ্চল প্রধানকে নির্দেশ প্রদান করেন। বাংলাদেশ ব্যাংক ও নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠানের নিয়ম-নীতি মেনে চলার মাধ্যমে ব্যাংকিং পরিচালনার জন্য নির্দেশ প্রদান করেন। ব্যাংকিং নীতিমালার যেন কোন ধরনের ব্যত্যয় না ঘটে এ দিকটায় বিশেষ নজর দেয়ার জন্য তিনি আহ্বান জানান।

সম্মেলনে ২০১৫ সালে ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের বিভিন্ন কৌশল ও দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সম্মেলনে চট্টগ্রাম উত্তর অঞ্চলের প্রধান উপ-মহাব্যবস্থাপক মো: ওমর সুলতান, চট্টগ্রাম দক্ষিণ অঞ্চলের প্রধান সহকারী মহাব্যবস্থাপক রতন কুমার শীল এবং চট্টগ্রাম অঞ্চলের শাখা ব্যবস্থাপকবৃন্দ উপস্থিত ছিলেন।



আমাদের কাস্টমার কেয়ার সর্বদাই আপনার ব্যাংকিং সেবায় নিয়োজিত।




## ময়মনসিংহ অঞ্চলের '১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৫' অনুষ্ঠিত

সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেডের ময়মনসিংহ অঞ্চলের '১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন ২০১৫' সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের ময়মনসিংহ অঞ্চলাধীন শাখাসমূহের ব্যবস্থাপকবৃন্দের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এবং চিফ ফিন্যান্সিয়াল অফিসার ও মহাব্যবস্থাপক সাঈদ আহমেদ এফসিএ। সম্মেলনে সভাপতিত্ব করেন ময়মনসিংহ অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক জগৎ চন্দ্র সাহা।

প্রধান অতিথির বক্তব্যে মোঃ আব্দুল হালিম চৌধুরী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে ব্যাংকের আমানত, অগ্রীম ও আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য তিনি সকলকে সততা, নিষ্ঠা ও দক্ষতার সাথে কাজ করার পরামর্শ দেন।

বিশেষ অতিথির বক্তব্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী বলেন, আমদানী ও রফতানী কর্মকান্ডে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের সংগে সার্বক্ষণিক যোগাযোগ এবং আধুনিক তথ্য প্রযুক্তির অধিকতর ব্যবহারের মাধ্যমে ব্যাংকের রেমিট্যান্স ব্যবসা বাড়াতে হবে, যাতে বিদ্যমান প্রতিযোগিতামূলক পরিস্থিতিতে পূবালী ব্যাংকের অগ্রযাত্রা অব্যাহত থাকে।

সম্মেলনে বিভিন্ন শাখার সফলতার উপর এবং ২০১৫ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে বিভিন্ন কৌশল ও দিক নিয়ে আলোচনা করা হয়।




## "সিলেট পূর্বাঞ্চলের ১ম ব্যবস্থাপক সম্মেলন অনুষ্ঠিত"

সিলেট পূর্বাঞ্চলীয় শাখা ব্যবস্থাপকগণের উপস্থিতিতে "১ম ব্যবস্থাপক সম্মেলন -২০১৫" সম্প্রতি নগরীর বন্দরবাজারস্থ পূবালী ব্যাংক ভবনে অনুষ্ঠিত হয়। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সি.ই.ও মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিস, সিলেটের মহাব্যবস্থাপক আবু হাবিব খায়রুল কবির ও উপ-মহাব্যবস্থাপক মোঃ মশিউর রহমান খান, সিলেট পশ্চিমাঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক মোঃ আহমদ এনায়েত মঞ্জুর, মৌলভীবাজার অঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক দিলীপ কুমার পাল। সম্মেলনে সভাপতিত্ব করেন সিলেট পূর্বাঞ্চলের আঞ্চলিক ব্যবস্থাপক ও উপ-মহাব্যবস্থাপক এ.এস সিরাজুল হক চৌধুরী।

প্রধান অতিথির বক্তব্যে হাফিজ আহমদ মজুমদার বলেন, উন্নত গ্রাহকসেবা প্রদানের মাধ্যমে দেশের বিভিন্ন ব্যাংকের মধ্যে পূবালী ব্যাংকের স্থান শীর্ষ পর্যায়ে আনতে হবে। ব্যবস্থাপনা পরিচালক ও সি.ই.ও মোঃ আব্দুল হালিম চৌধুরী সততা ও কর্মনিষ্ঠার সাথে দায়িত্ব পালন করে ব্যাংকের সুনাম বৃদ্ধি সহ ২০১৫ সালের নির্ধারিত লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য শাখা ব্যবস্থাপকদের প্রতি আহ্বান জানান। তিনি খেলাপী ঋণ আদায়ের ব্যাপারে সর্বাত্মক প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য উপদেশ প্রদান করেন।

## "ব্যাংক প্রাঙ্গণের নিরাপত্তা ব্যবস্থা" শীর্ষক কর্মশালা অনুষ্ঠিত

সম্প্রতি পূবালী ব্যাংক লিঃ, সিলেট পূর্বাঞ্চলীয় ২৯টি শাখার ৩২ জন নিরাপত্তা প্রহরীর অংশগ্রহণে "ব্যাংক প্রাঙ্গণের নিরাপত্তা ব্যবস্থা" শীর্ষক দিনব্যাপী একটি কর্মশালা নগরীর বন্দরবাজারস্থ পূবালী ব্যাংক ভবনে অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর মাননীয় ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিস, সিলেটের মহাব্যবস্থাপক জনাব আবু হাবিব খায়রুল কবীর এবং সিলেট পশ্চিমাঞ্চলের উপ-মহাব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক জনাব মোঃ আহমদ এনায়েত মঞ্জুর। সভাপতিত্ব করেন সিলেট পূর্বাঞ্চলের উপ-মহাব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক জনাব এ. এস. সিরাজুল হক চৌধুরী।

কর্মশালায় নিরাপত্তা বিষয়ে রিসোর্স পারসন হিসেবে বক্তব্য রাখেন সিলেট মেট্রোপলিটন পুলিশের সিনিয়র এ্যাসিষ্ট্যান্ট পুলিশ কমিশনার (ফোর্স) জনাব খন্দকার গোলাম মওলা।

প্রধান অতিথির বক্তব্যে জনাব মোঃ আব্দুল হালিম চৌধুরী নিরাপত্তা কর্মীদের সততা ও দায়িত্বশীলতার সঙ্গে কাজ করার আহ্বান জানান। তিনি প্রযুক্তি নির্ভর আধুনিক নিরাপত্তা ব্যবস্থার প্রতি গুরুত্বারোপ করেন।

ত্রৈমাসিক
পূবালী বার্তা
জুন ২০১৫ ঃ সংখ্যা ০৯



## খুলনায় মানি লন্ডারিং প্রতিরোধ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিমিটেড-এর খুলনা আঞ্চলিক কার্যালয় আয়োজিত মানি লন্ডারিং ও সন্ত্রাসী কাজে অর্থায়ন প্রতিরোধ বিষয়ক কর্মশালা সম্প্রতি নগরীর হোটেল ই এফ সি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংকের মহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ হুমায়ুন কবির অনুষ্ঠানে সভাপতিত্ব করেন । কর্মশালায় বক্তব্য রাখেন মিরেরডাঙ্গা শাখার ব্যবস্থাপক শেখ মোঃ শামছুদ্দোহা, দৌলতপুর শাখার ব্যবস্থাপক মোঃ খোরশেদ আলম খান, খুলনা আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র প্রিন্সিপাল অফিসার অবনী চন্দ্র বসু, ফুলতলা শাখার ব্যবস্থাপক মোঃ সালাহউদ্দীন, আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র অফিসার মুকুল চন্দ্র দাশ ও নোয়াপাড়া বাজার শাখার ব্যবস্থাপক মোঃ শফিকুল ইসলাম প্রমুখ।

খুলনা অঞ্চলাধীন ২৮টি শাখার ব্যবস্থাপক ও কর্মকর্তাগণ দিনব্যাপী এ কর্মশালায় অংশ নেন। অনুষ্ঠানে বক্তারা মানি লন্ডারিং ও সন্ত্রাসী কাজে অর্থায়ন প্রতিরোধে ব্যাংক কর্মকর্তাদের সচেতন ভাবে কাজ করার আহবান জানান। এ ব্যাপারে ব্যাংলাদেশ ব্যাংক ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান আরোপিত দিক নির্দেশনাবলী সুষ্ঠভাবে পরিপালনের জন্য তাগিদ দেয়া হয়।



## পরিপালন ইউনিটের উদ্যোগে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ের উপর কর্মশালা

পূবালী ব্যাংক লিমিটেড এর কেন্দ্রীয় পরিপালন ইউনিটের উদ্যোগে মানিলন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ের উপর একটি একদিনের প্রশিক্ষণ কর্মশালা সম্প্রতি ব্যাংকের বরিশাল আঞ্চলিক কার্যালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপক এম. শাহনেওয়াজ চৌধুরী। বরিশাল অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মো: জাহিদুর রহমান উক্ত কর্মশালায় সভাপতিত্ব করেন।



## দৌলতপুর শাখা, মানিকগঞ্জ এর নতুন ভবনের শুভ দ্বারোদঘাটন

পূবালী ব্যাংক লিমিটেড মানিকগঞ্জ এর দৌলতপুর শাখা, সম্প্রতি নতুন ভবনে স্থানান্তরিত হয়েছে। নতুন ভবনের শুভ দ্বারোদঘাটন করেন পূবালী ব্যাংক লিমিটেড এর ঢাকা উত্তর অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান দেওয়ান জামিল মাসুদ। উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দৌলতপুর শাখার ব্যবস্থাপক আবদুর রশিদ খান। অনুষ্ঠানে দৌলতপুর থানা, মানিকগঞ্জ এর ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দৌলতপুর পি. এস উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, দৌলতপুর বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ও ব্যাংকের সম্মানিত গ্রাহকবৃন্দ উপস্থিত ছিলেন।



## ঢাকা উত্তর অঞ্চলের উদ্যোগে “মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যক্রমে অর্থায়ন প্রতিরোধ” শীর্ষক কর্মশালা

পূবালী ব্যাংক লিঃ, ঢাকা উত্তর আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে সম্প্রতি “মানি লন্ডারিং ও সন্ত্রাসী কার্যক্রমে অর্থায়ন প্রতিরোধ” শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগ (আইসিসি উইং) এর মহাব্যবস্থাপক এম শাহনেওয়াজ চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধান কার্যালয়ের কম্পায়েন্স বিভাগ (আইসিসি উইং) এর উপমহাব্যবস্থাপক নীতিশ কুমার রায়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ঢাকা উত্তর অঞ্চলের মহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান দেওয়ান জামিল মাসুদ। কর্মশালায় ঢাকা উত্তর অঞ্চলের আওতাধীন ৩৩টি শাখার শাখা ব্যবস্থাপক এবং প্রতিটি শাখার ১ জন কর্মকর্তা ও আঞ্চলিক কার্যালয়ের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



ঢাকা বার এসোসিয়েশন লাইব্রেরীর উন্নয়ন ও বই কেনার জন্য পূবালী ব্যাংক লিমিটেড ১০ লক্ষ টাকা অনুদান প্রদান করেছে। সম্প্রতি এক অনুষ্ঠানে পূবালী ব্যাংক লিঃ, ঢাকা দক্ষিণ অঞ্চল প্রধান ও মহাব্যবস্থাপক মোঃ সিরাজুল ইসলাম মিয়া, ঢাকা আইনজীবি সমিতির সাধারণ সম্পাদক মোঃ মোসলেহ উদ্দিন জসিম এর নিকট ১০ লক্ষ টাকার পে-অর্ডার হস্তান্তর করেন। এসময় ব্যাংকের বার লাইব্রেরী শাখার সহকারী মহাব্যবস্থাপক এইচ এম ওমর ফারুক এবং চকবাজার শাখার সহকারী মহাব্যবস্থাপক এ কে এম আব্দুর রাকীব উপস্থিত ছিলেন।






## পূবালী ব্যাংক লিমিটেড এর বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের শাখা ব্যবস্থাপকদের প্রথম সম্মেলন অনুষ্ঠিত

সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে সম্প্রতি পূবালী ব্যাংক লিমিটেড এর বৃহত্তর চট্টগ্রাম অঞ্চলের অধীন শাখা ব্যবস্থাপকদের প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চীফ টেকনিক্যাল অফিসার ও তথ্য প্রযুক্তি বিভাগের মহাব্যবস্থাপক মোহাম্মদ আলী। সম্মেলনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক সৈয়দ আব্দুল মজিদ।

প্রধান অতিথির বক্তব্যে উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী উন্নততর ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের মাধ্যমে আমদানী-রপ্তানী ব্যবসা সম্প্রসারণের জন্য আহ্বান জানান। তিনি বলেন, বিশ্বের অর্থনীতির সাথে পাল্লা দিয়ে বাংলাদেশের অর্থনীতির ব্যাপ্তি আর কলেবর বৃদ্ধি পাচ্ছে। ব্যাংকিং খাত এখানে মূখ্য ভূমিকা পালন করছে। তিনি বলেন, প্রতিযোগিতামূলক ব্যাংকিং এর ক্ষেত্রে ব্যাংকের সকলকে আন্তরিকভাবে কাজ করতে হবে। তিনি পূবালী ব্যাংকের দক্ষ ও অভিজ্ঞ মানবসম্পদকে যথাযথভাবে ব্যবহারের মাধ্যমে ব্যাংকের ব্যবসা উন্নয়নের পরামর্শ দেন। পরিশেষে ২০১৫ সালের ব্যাংকের নির্ধারিত লক্ষ্যমাত্রা

Gici c"ôv 5 Kjvg 2



## বিয়াম ল্যাবরেটরী স্কুল, হবিগঞ্জ এর উন্নয়নে পূবালী ব্যাংক লিঃ এর ৫ (পাঁচ) লক্ষ টাকা অনুদান

বিয়াম ল্যাবরেটরী স্কুল, হবিগঞ্জ এর উন্নয়নে পূবালী ব্যাংক লিমিটেড ৫ (পাঁচ) লক্ষ টাকা অনুদান প্রদান করেছে। ব্যাংকের পক্ষে মৌলভীবাজার অঞ্চলের উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান দিলীপ কুমার পাল সম্প্রতি হবিগঞ্জ জেলার জেলা প্রশাসক জনাব মোঃ জয়নাল আবেদীন এর নিকট অনুদানের ড্রাফট হস্তান্তর করেন। এ সময় উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার এর আইন কর্মকর্তা মোহাম্মদ আবু তাহের, পূবালী ব্যাংক লিঃ হবিগঞ্জ শাখার ব্যবস্থাপক মোঃ ফজলুল কবির চৌধুরী ও টাউন মসজিদ রোড শাখার ব্যবস্থাপক মোঃ আব্দুল ওয়াহেদ। এছাড়াও জেলা প্রশাসন হবিগঞ্জ এর অন্যান্য কর্মকর্তাবৃন্দ এসময় উপস্থিত ছিলেন। জেলা প্রশাসক পূবালী ব্যাংক লিঃ এর অনুদান গ্রহণ করে পূবালী ব্যাংকের পরিচালনা পর্ষদ ও কর্তৃপক্ষকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।



## পূবালী ব্যাংক লিমিটেড এবং Robi Axiata Ltd. এর মধ্যে কর্পোরেট চুক্তি স্বাক্ষরিত

পূবালী ব্যাংক লিমিটেড এবং Robi Axiata Ltd.এর মধ্যে কর্পোরেট চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান সম্প্রতি ব্যাংকের প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত হয়েছে। পূবালী ব্যাংক লিমিটেডের পক্ষে সংস্থাপন বিভাগের মহাব্যবস্থাপক শেখ গোলাম মোহাম্মদ এবং Robi Axiata Ltd.এর পক্ষে চীফ অপারেটিং অফিসার মাহতাব উদ্দিন আহমেদ চুক্তিতে স্বাক্ষর করেন।

উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। এসময় ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী এবং প্রধান কার্যালয়ের মহাব্যবস্থাপকবৃন্দসহ উভয় প্রতিষ্ঠানের উর্ধ্বতন নির্বাহীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এই চুক্তির ফলে পূবালী ব্যাংক লিমিটেড এবং ব্যাংকের সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ দ্রুতগতির সেবার পাশাপাশি Special Call Rate, Call Conferencing, Voice Communication, FnF, High speed 3.5G Internet, Data Connectivity সহ সাশ্রয়ী মূল্যে আধুনিক সুযোগ-সুবিধা উপভোগ করবেন।






## সিলেটস্থ চৌধুরী বাজার শাখা নব আঙ্গিকে নতুন পরিসরে আনুষ্ঠানিক শুভ উদ্বোধন

উন্নত ও আধুনিক ব্যাংকিং সেবা প্রদানের প্রত্যয় নিয়ে পূবালী ব্যাংক লিমিটেডের চৌধুরী বাজার শাখা, সিলেট নব আঙ্গিকে নতুন পরিসরে সম্প্রতি আনুষ্ঠানিক শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ মনির উদ্দিন আহমদ, আহমদ শফি চৌধুরী, মঞ্জুরুর রহমান, এম কবিরুজ্জামান ইয়াকুব, আজিজুর রহমান এবং দক্ষিণ সুরমা উপজেলা চেয়ারম্যান মোঃ আবু জায়েদ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা মোঃ আব্দুল হালিম চৌধুরী। প্রধান অতিথির বক্তব্যে ব্যাংকের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার বলেন, বাংলার ঐতিহ্যকে ধারণ করে ১৯৫৯ সাল থেকে গ্রাহকদের সর্বোত্তম ব্যাংকিং সেবা প্রদান করে চলেছে পূবালী ব্যাংক। গ্রাহক সেবা বৃদ্ধির জন্য এবং ব্যাংকের আধুনিক সেবা পৌঁছে দিতে Gici c„ôv 5 Kjvg 1




সম্প্রতি পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিমিটেড এর সকল কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত এক সমন্বয় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। পূবালী ব্যাংক সিকিউরিটিজ লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের মহাব্যবস্থাপক সৈয়দ আব্দুল মজিদ।

## পূবালী ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউটের উদ্যোগে "Management Development Program" শীর্ষক


.......... 3q c„ôvi ci

তিনি দিক-নির্দেশনা প্রদান করেন। ব্যাংকের মহাব্যবস্থাপক, উপ-মহাব্যবস্থাপক ও সহকারী মহাব্যবস্থাপক পর্যায়ের মোট ৩০ জন নির্বাহী উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণ করেন।



## এসএমই ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বাংলাদেশ ব্যাংক এর স্বীকৃতি

এসএমই ও নারী উদ্যোক্তা ঋণ বিতরণে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য বাংলাদেশ ব্যাংক পূবালী ব্যাংক লিমিটেড-কে SME Financing Award-2014 এবং SME Women Entrepreneur Financing-2014 শীর্ষক প্রশংসাপত্র প্রদান করেছে। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান এর নিকট থেকে পূবালী ব্যাংকের সিলেট প্রিন্সিপাল অফিসের মহাব্যবস্থাপক আবু হাবিব খাইরুল কবির এই প্রশংসাপত্র গ্রহণ করেন। এ উপলক্ষ্যে স্থানীয় একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউরোপীয় ইউনিয়নের হেড অব ডেলিগেশন পিয়েরে ম্যায়ুডন। Loan Disbursement to SME Entrepreneurs for the year 2014 এবং Loan Disbursement to Women Entrepreneurs in Sylhet Region for the year 2014 এই দুই ক্যাটাগরিতে পূবালী ব্যাংক লিমিটেড-কে উক্ত প্রশংসাপত্র প্রদান করা হয়।





## রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে অবদানের জন্য পূবালী ব্যাংক লিমিটেডের পদক প্রাপ্তি

দেশের রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিতে বিশেষ ভূমিকা পালনের জন্য সেন্টার ফর এনআরবি পূবালী ব্যাংক লিমিটেড-কে 'টপ টেন রেমিট্যান্স' পদক প্রদান করেছে। সেন্টার ফর এনআরবি আয়োজিত "World Conference Series" এর উদ্বোধনী অনুষ্ঠানে দেশের অর্থনীতিতে অবদানের স্বীকৃতিস্বরূপ এই পুরস্কার প্রদান করা হয়। বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান এর নিকট থেকে পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী এই পদক গ্রহণ করেন। সম্প্রতি রাজধানীর একটি হোটেলে আয়োজিত অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক বিষয়ক উপদেষ্টা এইচ টি ইমাম ও পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা ড. গওহর রিজভী, বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আতিউর রহমান, সেন্টার ফর পলিসি ডায়লগ (সিপিডি'র) নির্বাহী পরিচালক অধ্যাপক মোস্তাফিজুর রহমান, সাবেক সংসদ সদস্য এবং বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি ও পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদের চেয়ারম্যান হাফিজ আহমদ মজুমদার। সভাপতিত্ব করেন সেন্টার ফর এনআরবি'র চেয়ারপারসন এমএস সেকিল চৌধুরী।



## মৌলভীবাজারে পূবালী ব্যাংকের ১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৫ অনুষ্ঠিত

পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার এর উদ্যোগে সম্প্রতি স্থানীয় রেস্ট ইন হোটেল -এ মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার শাখাসমূহের শাখা প্রধান ও দ্বিতীয় কর্মকর্তাদের নিয়ে "১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৫" অনুষ্ঠিত হয়েছে। এতে সভাপতিত্ব করেন পূবালী ব্যাংক লিঃ মৌলভীবাজার অঞ্চলের উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান দিলীপ কুমার পাল। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ প্রিন্সিপাল অফিস, সিলেট এর মহাব্যবস্থাপক আবু হাবিব খায়রুল কবীর এবং পূবালী ব্যাংক লিঃ সিলেট পশ্চিমাঞ্চলের উপমহাব্যবস্থাপক ও অঞ্চল প্রধান আহমদ এনায়েত মনজুর। এতে আরও উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিঃ সিলেট প্রিন্সিপাল অফিসের উপমহাব্যবস্থাপক মোঃ মশিউর রহমান খাঁন এবং সিলেট শাখার উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান মাহবুব আহমেদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন পূবালী ব্যাংক লিঃ আঞ্চলিক কার্যালয় মৌলভীবাজার এর আইন কর্মকর্তা মোহাম্মদ আবু তাহের।

উক্ত শাখা ব্যবস্থাপক সম্মেলনে পূবালী ব্যাংক লিমিটেডের মৌলভীবাজার ও হবিগঞ্জ জেলার শাখাসমূহের প্রধানগণ ও দ্বিতীয় কর্মকর্তাবৃন্দ এবং আঞ্চলিক কার্যালয়ের সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।




## পূবালী ব্যাংক লিমিটেডের বরিশাল অঞ্চলের '১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন-২০১৫' অনুষ্ঠিত

সেবার মান বৃদ্ধির মাধ্যমে ব্যাংকের ব্যবসা সম্প্রসারণে ব্যবস্থাপকদের উৎসাহিত করার লক্ষ্যে পূবালী ব্যাংক লিমিটেডের বরিশাল অঞ্চলের '১ম শাখা ব্যবস্থাপক সম্মেলন ২০১৫' সম্প্রতি অনুষ্ঠিত হয়। পূবালী ব্যাংক লিমিটেডের বরিশাল অঞ্চলাধীন শাখাসমূহের ব্যবস্থাপকবৃন্দের অংশগ্রহণে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেড পরিচালনা পর্ষদ এর পরিচালক সৈয়দ মোয়াজ্জেম হুসাইন। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক মোঃ আব্দুল হালিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্যাংকের উপ-ব্যবস্থাপনা পরিচালক শফিউল আলম খান চৌধুরী। সম্মেলনে সভাপতিত্ব করেন বরিশাল অঞ্চল প্রধান ও উপ-মহাব্যবস্থাপক মোঃ জাহিদুর রহমান।

প্রধান অতিথির বক্তব্যে সৈয়দ মোয়াজ্জেম হুসাইন উন্নততর ও আধুনিক ব্যাংকিং Gici c„ôv 5 Kjvg 1

প্রধান অতিথি পূবালী ব্যাংক লিঃ এর ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মোঃ আব্দুল হালিম চৌধুরী তাঁর বক্তব্যে বলেন দেশকে এগিয়ে নিতে হলে ব্যাংকিং সেক্টরের উন্নতি খুবই জরুরী। তিনি পূবালী ব্যাংককে দেশের শ্রেষ্ঠ ব্যাংক হিসেবে পরিণত করার লক্ষ্যে সকল কর্মকর্তাকে কঠোর পরিশ্রমী ও উদ্যোগী হয়ে কাজ করার আহবান জানান। তিনি শাখা প্রধানগণকে ডিসেম্বর-২০১৫ এর ব্যবসায়িক লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের জন্য জোর তাগিদ দেন।




**এডিটোরিয়াল প্যানেল**

**মোহাম্মদ আলী**
মহাব্যবস্থাপক ও চীফ টেকনিক্যাল অফিসার

**নীতিশ কুমার রায়**
উপ-মহাব্যবস্থাপক

**মোঃ আশরাফুল ইসলাম**
প্রিন্সিপাল অফিসার

**সুদীপ কুমার দে**
প্রিন্সিপাল অফিসার

**মোঃ মাইদুল হক**
সিনিয়র অফিসার

**মোঃ রাজীব ইসলাম**
অফিসার

**শফিকুল ইসলাম**
অফিসার



**পূবালী ব্যাংক লিমিটেড**
**PUBALI BANK LIMITED**

গবেষণা ও উন্নয়ন বিভাগ, পূবালী ব্যাংক লিমিটেড,
এ এ ভবন, ২৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা কর্তৃক প্রকাশিত
ই-মেইল : pubalibarta@pubalibankbd.com
ওয়েব : www.pubalibangla.com